



হজের খরচ আরও কমানোর প্রতিশ্রুতি প্রধানমন্ত্রীর



আগামী বছর হজযাত্রীদের ব্যয় আরও কমাতে সরকার উদ্যোগ নেবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, ভবিষ্যতে হজ ব্যবস্থাপনা আরও উন্নত করার মাধ্যমে যাত্রীদের আর্থিক চাপ কমানোর চেষ্টা চলছে।

গুত্রবার রাতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর-এ চলতি বছরের প্রথম হজ ফ্লাইট উদ্বোধনের পর যাত্রীদের সঙ্গে কথা বলার সময় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী জানান, বর্তমান সরকার ১৮ ফেব্রুয়ারি দায়িত্ব নেওয়ার পর হজের বেশিরভাগ প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়ে গিয়েছিল। ফলে বড় ধরনের পরিবর্তনের সুযোগ সীমিত থাকলেও, সরকার চেষ্টা করে এবছর প্রায় ১২ হাজার টাকা পর্যন্ত খরচ কমাতে সক্ষম হয়েছে।

হজযাত্রীদের উদ্দেশে তিনি বলেন, তারা যেন দেশের শান্তি ও কল্যাণের জন্য দোয়া করেন। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেন, সবাই সুস্থভাবে হজ পালন শেষে দেশে ফিরবেন।

এ সময় অনুষ্ঠানে ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পরে রাত ১২টা ২০ মিনিটে ৪১৮ জন যাত্রী নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর প্রথম হজ ফ্লাইট সৌদি আরবের উদ্দেশে ছেড়ে যায়।